However, economists said fear about Bangladesh is just like a rumor. They asked people not to listen to the rumor. They said the economies of Bangladesh and Sri Lanka are different. Remittance earnings are increasing in Bangladesh, and it has a record amount of reserves. Moreover, export of ‘made in Bangladesh products’ to different countries of the world is increasing day by day. The global economy faced the real hardship during Covid-19 pandemic. But Bangladesh economy showed a positive trend and kept its pace on right track despite the hard times. All the indicators of the Bangladesh economy are in a positive trend. So, Bangladesh will not face such problems which are being faced by Sri Lanka. Economists said this while talking to the correspondent.

The economic nature of Bangladesh and Sri Lanka: Bangladesh is not at risk of defaulting on foreign loan repayments because of its cautious management of external debt which has a much higher portion of soft loan with longer maturity periods than that in Sri Lanka. The size of Bangladesh economy and volume of exports are bigger than those of Sri Lanka and Pakistan put together, while foreign currency reserves are more than double the amounts held by these two South Asian countries. There is no shortage of food production in Bangladesh. The country’s staple food is not dependent on imports. The amount of remittances and export income of Bangladesh is increasing day by day. The country has a foreign exchange reserve of \$44.40 billion. In contrast, Sri Lanka has a reserve of less than \$2 billion. Moreover, the per capita debt of Bangladesh is \$292.11 while of Sri Lanka \$1,650. About the rumors or fears that are being spread over Bangladesh after the crisis emerges in Sri Lanka’s economy, noted economist AB Mirza Azizul Islam told media that such fears are baseless as Bangladesh is on the right track. There is no reason for Bangladesh to be like Sri Lanka. These are certainly silly conversations, unreasonable and unrealistic.

Sri Lanka has descended into its worst financial crisis since independence for fast-depleting foreign currency reserves, caused by the dragging pandemic and the Russia-Ukraine war.

As a result, the country can't afford to pay for imports of staple foods and fuel, leading to acute shortages and very high prices. And it has already said it would temporarily default on its foreign debts. Sri Lanka as a special case where it has a lot of foreign debts that it can't service. It is a case where the country had to use central bank reserves to service the debts and buy essential imports. As a result, the reserves are decreasing. It is a difficult balance of payment crisis. This is because the

foreign debts of Bangladesh account for only 17 per cent of the country's gross domestic product, which is low in international comparison. And most of the external debts are with bilateral or multilateral institutions such as the World Bank and are concessional or carry low-interest rates. Although there has been some increase in the debt for Bangladesh, this is still at a very low level. Foreign currency reserves in Bangladesh can cover more than six months of imports, which is very solid.

But every country can learn from Sri Lanka's experience. Every country has to be careful in spending a lot more than they earn. We have to be careful how to use your foreign exchange reserves. Bangladesh should be careful about the monetary use of the reserves to finance domestic investments and to support the exchange rate.

02. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা শীর্ষক একটি রচনা লিখুন।

Solution: বর্তমান বিশ্বের অর্থনীতিকে তথ্যপ্রযুক্তির অর্থনীতি বললে খুব একটা বাড়িয়ে বলা হয় না। এখানে রাষ্ট্র, ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা একই তথ্য-সূত্রে গ্রথিত। একই হার্ডওয়্যার ও সফটওয়্যারে ধারণ করা হয়েছে এবং হচ্ছে অর্থনীতির মূল উপাদানগুলোকে। বিশ্বের প্রধান প্রধান অর্থনীতির দিকে তাকালে তা সহজেই অনুধাবন করা যায়। তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর অন্যতম বাংলাদেশও ধীরে ধীরে তথ্যপ্রযুক্তির অনেক পথ পেরিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। অর্থনৈতিক ক্রিয়া-কর্মকে ধারণ করা হচ্ছে সফটওয়্যারের সূক্ষ্মতন্ত্রে। এ ব্যাপারে অগ্রগতিও আশাপ্রদ। তথ্যপ্রযুক্তির বর্তমান বিশ্বে বাংলাদেশের কৃতি সন্তানরা দেশে-বিদেশে যোগ্যতার স্বাক্ষর রাখছেন। সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে তথ্যপ্রযুক্তিকে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছে। তথ্যপ্রযুক্তিনির্ভর বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। রূপকল্প বা ভিশন ২০২১ গ্রহণ করা হয়েছে, যার অন্যতম প্রধান লক্ষ্য হল তথ্যপ্রযুক্তির ব্যাপক ও কার্যকর ব্যবহারের মাধ্যমে ডিজিটাল বা প্রযুক্তি-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা। শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচনে প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নে প্রযুক্তি ব্যবহারের আধুনিক দর্শন উপস্থাপন রূপকল্পের একটি বিশেষ দিক। নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে তৃণমূল পর্যন্ত ডিজিটাল রূপান্তর বাংলাদেশের আর্থ-সামাজিক যোগাযোগ ও উন্নয়নের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য ঘটনা।

তথ্যপ্রযুক্তির (আইটি) মূল চালিকা শক্তি হল ইন্টারনেট, যা বর্তমান বিশ্ব অর্থনীতির নিয়ামক। অন্য কথায় বর্তমান বিশ্ব অর্থ-ব্যবস্থাকে ইন্টারনেট অর্থনীতিও বলা হয়ে থাকে। এতে অর্থনৈতিক কর্মকাণ্ডের স্বাভাবিক গতিশীলতার চেয়ে বহুগুণে বেশি ও ব্যাপক ক্রিয়াকর্মের সমাধান দেয়া সম্ভব হচ্ছে। বিপুল তথ্য-পরিসংখ্যানকে সমবেত করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ সম্ভব করে তুলছে। ইন্টারনেট অর্থনীতি বা তথ্যপ্রযুক্তিনির্ভর অর্থনীতিতে প্রাইভেট ও পাবলিক সেক্টরের মধ্যে অসামঞ্জস্যগুলোর হ্রাস করা সহজ হয়েছে। পৃথিবীর বড় বড় প্রযুক্তিনির্ভর অর্থনীতি তাদের কর্পোরেট উৎপাদনশীলতা, উপার্জন বৃদ্ধির মাধ্যমে সরকারকে অধিক কর প্রদানেরও নিশ্চয়তা দিতে পারছে। এ ধরনের অর্থনীতির দক্ষ মানব সম্পদ উৎপাদনশীলতা বাড়ানোর সহায়ক হয়েছে। সরকারের আয় বাড়তে তা ভূমিকা রাখছে। আর আয় বৃদ্ধি হলে তা জনকল্যাণমূলক কাজে ব্যয় করা এবং সমাজের বৈষম্য দূর করা সম্ভব হয়। এভাবে আইটি অবকাঠামো উন্নয়নের ফলে পাবলিক ও প্রাইভেট উভয় সেক্টরের মধ্যে দূরত্ব হ্রাস পাচ্ছে এবং উভয়ের স্বার্থ রক্ষা করা সম্ভব হচ্ছে। তবে এটা কেবলমাত্র উদার, সুশৃঙ্খল ও সুনিয়ন্ত্রিত 'ডিজিটাল অর্থনীতির' মাধ্যমেই সম্ভব।

ডিজিটাল অর্থনীতিই জাতীয় পর্যায়ে তথ্যপ্রযুক্তির বিস্তার সম্ভব করে তোলে। বিশ্বব্যাপী অবাধ তথ্য প্রবাহ ভোক্তা, সরবরাহকারী, কর্মকর্তা-কর্মচারী সবাইকে তথ্য-সূত্রে গ্রথিত করে। সবাই উপকৃত হয়। বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধিতে যা বিশেষ ভূমিকা রাখে। ই-কমার্স বা ইলেক্ট্রনিক বাণিজ্যের কারণে অপচয় রোধ করা সম্ভব হয়। স্বল্প খরচে অধিক সেবাকর্ম পাওয়া যায় বলে সেবাকর্মের চাহিদা বেড়ে যায়। সঙ্গে সঙ্গে সিস্টেমেরও আয়তন বেড়ে ভৌগোলিক সীমা অতিক্রম করে। ইলেক্ট্রনিক বাণিজ্য বা ই-চ্যানেলে বিক্রয় থেকে যে আয় হয়, তা সব ধরনের সরকারি-বেসরকারি ব্যয় মিটিয়েও উদ্বৃত্ত থাকে। এ লক্ষ্যেই বি২বি, বি২সি, জি২জি, এ২আই ইত্যাদি ডিজিটাল বা প্রযুক্তিগত ধারণা ও ব্যবস্থার সৃষ্টি হয়েছে। এর ফলে ব্যক্তি, প্রতিষ্ঠান, রাষ্ট্র ও দেশ-বিদেশের মধ্যে বহুমুখী সংযোগ স্থাপনের সুযোগ সৃষ্টি হয়েছে।

এ ডিজিটাল অর্থনীতিতে তথ্যপ্রযুক্তি বা ইন্টারনেট ব্যবহারের অনেক কাজ একসঙ্গে সম্পাদন করা সম্ভব হচ্ছে। উদাহরণস্বরূপ, প্রত্যক্ষ ও পরোক্ষ করের হিসাব, লাইসেন্স ফি সংগ্রহ ও মনিটর, অপরাধ চিত্র সংগ্রহ, ভোট গণনা ফলাফল তৈরি, তথ্য প্রেরণ ইত্যাদি অসংখ্য কাজ অতি সহজে করা যাচ্ছে।

ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য সর্বত্রই তথ্যপ্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। সাধারণ মানুষের ঘরেও এখন ঢুকে পড়েছে তথ্যপ্রযুক্তি। ইন্টারনেটের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারিত হয়ে পড়ছে। ই-কর্পোরেশন, ই-কমার্স, ই-মেইল ইত্যাদি এখন আমাদের

যোগাযোগ ও কর্মকাণ্ডকে সহজ করেছে। উন্নত বিশ্বে এ প্রযুক্তি ব্যবহার করার ফলে তাদের ব্যবসা রাতারাতি বেড়ে গিয়েছে। এমন ব্যাপক প্রবৃদ্ধি কোনো সময়ই হয়নি বা ছিল না। তথ্যপ্রযুক্তিকে ব্যবহার করে তারা ভোক্তা, ক্রেতা ও বিক্রেতার মধ্যে সরাসরি যোগাযোগ গড়ে তুলেছে। বিল গেটসের মাইক্রোসফট কোম্পানির বিশ্বজোড়া নাম। বারবার তার সম্পদের পরিমাণ পূর্বের সব রেকর্ড ভঙ্গ করেছে। এভাবে বহুজাতিক কোম্পানির ব্যবসা থেকে শুরু করে সাধারণ মানুষের সাধের মধ্যেও চলে এসেছে তথ্যপ্রযুক্তির অবদান। সাধারণ মানুষের প্রতিদিনের নিত্যপ্রয়োজনীয় জিনিসের ব্যবসা হচ্ছে। এ প্রযুক্তি সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছান পেছনে তারা একথা ভালোভাবেই জানে যে, মধ্যবিত্ত আর সাধারণ ব্যবহারকারীরাই ব্যবসা-বাণিজ্যের পেছনের আসল শক্তি। তাই কম্পিউটার তথ্যপ্রযুক্তিকে উন্নত বিশ্বে আরও সহজলভ্য করার চেষ্টা চলছে। দাম কমানো হচ্ছে; ব্যবহার ব্যয়ও কমিয়ে একেবারে নাগালের মধ্যে আনা হয়েছে। আর মানুষও অগ্রহী হয়ে উঠেছে। কেননা, সবকিছুই এতে টাটকা পাওয়া যায়। ইন্টারনেটভিত্তিক বাণিজ্যে ক্রয়-বিক্রয়, বিনোদন, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদির খবরাখবর জোগান অতীব সহজসাধ্য ও সুবিধাজনক। কাগজে সংবাদপত্রের চেয়ে এখন অনলাইন খবর সংগ্রহে বেশি বিনোদন, বেশি খবর ও পড়ার সুবিধা বেশি পাওয়া যায়।

দেশে দেশে আন্তঃযোগাযোগ স্থাপনের ক্ষেত্রে এখন তথ্যপ্রযুক্তিকেই প্রাধান্য দেয়া হচ্ছে। পারস্পারিক বাণিজ্যিক সম্পর্কের বিষয় এখন বলা যায় পুরোপুরিই তথ্যপ্রযুক্তিনির্ভর। ই-কর্পোরেশনের বিজ্ঞাপন চরিত্রও পাল্টিয়ে গিয়েছে। এখন গ্রামারের পরিবর্তে তথ্যকে অধিক গুরুত্ব দেয়া হচ্ছে। শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা, দৈনন্দিন জীবনযাপন সব ক্ষেত্রেই আইটি বা তথ্যপ্রযুক্তি ব্যাপক পরিবর্তন আনছে। এর ক্রমবর্ধমান ইতিবাচক ভূমিকা লক্ষণীয়। বলা হচ্ছে, সম্পদের ক্ষয়, তথ্যের ব্যবস্থাপনাই হবে একুশ শতকের সৃজনশীল অর্থনীতির মূল চালিকাশক্তি। ওয়েব ব্যবস্থাপনার মাধ্যমে ব্যবসা-বাণিজ্যের বিপুল সম্ভাবনার দ্বার উন্মোচিত হচ্ছে। বোতাম টিপলেই গ্রাহক সব পণ্যের বিশদ বিবরণ জানতে পারছে। আর এ পরিবর্তন প্রক্রিয়াকে অনেকে নতুন শতকের অর্থনৈতিক বিপ্লব বলে আখ্যায়িত করছেন।

নীতি-নির্ধারক এবং নির্বাহীদের জন্যও নতুন শতক এক সত্যিকার চ্যালেঞ্জ বয়ে নিয়ে আসছে। আর এ চ্যালেঞ্জ মোকাবেলায় ইন্টারনেট, তথ্যপ্রযুক্তি বা ওয়েব ব্যবস্থাপনার কথাই সর্বপ্রথম প্রাধান্য পাচ্ছে। একজন অভিজ্ঞ ম্যানেজার বা নির্বাহীর পূর্বের সব অভিজ্ঞতাই অচল প্রমাণিত হয়েছে। নতুন করে নতুন প্রযুক্তি, নতুন কৌশল তাকে আয়ত্ত করতে হচ্ছে। প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার এটাই একমাত্র উপায়। উন্নত বিশ্ব অনেক আগেই তা বুঝতে শিখেছিল। কিন্তু আমরা অনেক বিলম্বে বুঝতে শুরু করেছি। এখানে আরও একটি বিষয় মনে রাখা প্রয়োজন যে, তথ্যনির্ভর অর্থনীতিতে সঠিক তথ্য পরিবেশন করা একান্ত জরুরি। যারা যত বেশি সঠিক তথ্যনির্ভর, তাদের তত বেশি অর্থনৈতিক সাফল্য অর্জন করা সম্ভব। একটা তথ্যনির্ভর নেটওয়ার্কের আওতায় ভোক্তা, ক্রেতা, সরবরাহকারী, ডিজাইনার, নির্বাহী, নকশাবিদ, উৎপাদক বা বাজারজাতকারী মোটকথা সবাই একতাবদ্ধ হয়ে কাজ করবে। কাজ হবে অতি দ্রুত এবং তাৎক্ষণিকভাবে। ফলশ্রুতিতে, অর্থনীতি গতি পাবে, প্রবৃদ্ধি অর্জিত হবে। ইনটেল কর্পোরেশনের সাবেক চেয়ারম্যান এন্ড্রু এস খোভের ভাষায়, 'ইন্টারনেটে কাজের গতি ত্বরান্বিত হয়েছে, তথ্যের গতিপ্রবাহমানতা বেড়েছে। ভবিষ্যতেও এটা বাড়তে থাকবে।'

পরিশেষে, আমাদের অর্থনীতিও ক্রমান্বয়ে তথ্যপ্রযুক্তির দিকে এগিয়ে যাচ্ছে। যথাযথ পৃষ্ঠপোষকতা পেলে, সক্ষমতাকে কাজে লাগাতে এবং অপচয় রোধ করতে পারলে আমাদের প্রযুক্তিও সামর্থ্য অর্জন করবে। আমাদের অর্থনীতিও তথ্যপ্রযুক্তির সুফল পেয়ে সত্যিকার তথ্য প্রযুক্তির অর্থনীতিতে উন্নীত হবে- সে প্রত্যাশা অমূলক নয়।

03. General Knowledge:

- What is the full form of MICR?** → Magnetic Ink Character Recognition.
- Which canal connects the Atlantic Ocean with the Pacific Ocean?** → Panama Canal connects the Pacific Ocean to the Atlantic Ocean.
- FIFA World Cup 2022 is going to start where and when?** → The FIFA World Cup 2022 is going to kick off on 21 November in Qatar.
- What is the new name NAFTA?** → The new name of NAFTA is 'United States – Mexico – Canada – Agreement' (USMCA).
- What is the name of the central bank of Maldives?** → The central Bank of Maldives is 'The Maldives Monetary Authority'.
- What is SDR?** → The SDR (Special Drawing Rights) is an international reserve asset created by IMF to provide supplement to its member countries.
- Who was the first governor of Bangladesh Bank?** → A.N.M Hamidullah is the first Governor of Bangladesh Bank.

- h) **What is TRIPS?** → The TRIPS (Trade Related Aspects of Intellectual Property Rights) is an international legal agreement between all member nations of the World Trade Organization.
- i) **What is the name of Shariah Index of Dhaka Stock Exchange?** → DSEX Shariah Index serves as the Shariah-compliant free float adjusted board market benchmark.
- j) **Euro is the currency of how many countries?** → 25 countries use Euro as their currency.

04. Read the following passage and answer the following questions:

A sustained and strong economic growth since the beginning of the last decade helped Bangladesh qualify for lower-middle-income status in 2015 and to remain on the course to graduate from the UN's Least Developed Countries (LDCs) group in 2026. The impetus for this economic growth emerged mainly from the liberalisation of trade and financial sector, favourable demographic factors, financial inclusion, and macroeconomic stability. Alongside, a stride in labour-intensive manufacturing export, led by ready-made garments (RMG), also contributed to achieving remarkable economic growth, creating employment, and reducing poverty. Registering a 10.25 percent average annual growth rate over the last two decades, export earnings of the country stood at US\$ 46.36 billion in 2019 which was 15.32 percent of GDP. However, the outbreak of the Covid-19 pandemic as an external shock, caused a decline in the export of Bangladesh by 16.23 percent to 12.18 percent of GDP in 2020, while world export shrunk by 8.98 percent. It is argued that the highly concentrated export basket and export market prompted the negative impact of the pandemic on Bangladesh's export. As the export of an economy largely depends on external demand, the vulnerability in exports may emerge from economic shocks originating in its export destinations. The impact of the external shock largely depends on the degree of concentrated of the country's export portfolio. A concentrated export basket and export market amplified the vulnerability of an economy to external shocks. Therefore, to strengthen resilience to external shocks and to achieve a higher sustainable rate of economic growth, Bangladesh should pursue policies to diversify exports.

- a) What has Bangladesh achieved regarding the income status as stated in this paragraph?
- b) Compare between concentrated export basket and export market.
- c) What is the impact of Covid-19 on the export performance of Bangladesh compared to that of the world?
- d) Suggest a suitable title for this passage.

Solution: আসুন দেখি Passage টিতে কি বলা হচ্ছেঃ অব্যাহত ও দৃঢ় অর্থনৈতিক প্রবৃদ্ধি বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ এবং ২০২৬ সালের মধ্যে LDCs দেশগুলো হতে উত্তরণে সাহায্য করেছে। আর এই অর্থনৈতিক প্রবৃদ্ধির চালিকা শক্তি হিসেবে কাজ করেছে মুক্ত বাণিজ্য ও আর্থিক ঋত, অনুকূল জনসংখ্যার বয়স, আর্থিক অন্তর্ভুক্তি এবং সুস্থিত সামষ্টিক অর্থনীতি। বিপুল কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে এবং দারিদ্র্য দূরীভূত করে গার্মেন্টস শিল্পও এই প্রবৃদ্ধি অর্জনে সাহায্য করেছে। গত দুই দশকে রপ্তানি প্রবৃদ্ধি ছিল ১০.২৫% যা জিডিপির ১৫.৩২%। তবে কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে এই রপ্তানি প্রবৃদ্ধি কমিয়ে দেয় যা আমাদের জিডিপির প্রবৃদ্ধিতে আঘাত হানে। একটি দেশের অর্থনীতি রপ্তানির উপর বহুলাংশে নির্ভরশীল হলে রপ্তানি বাধাপ্রাপ্ত হলে দেশটির অর্থনীতিও সংকুচিত হয়।

Passage টির শেষের দিকে এসে বলা হচ্ছে যে, বহির্বিষয়ের এই দুর্ঘটনা থেকে অর্থনীতিকে সুস্থিত রাখতে রপ্তানি বহুমুখীকরণ করতে হবে। আসুন এবার আমরা প্রশ্নের সমাধানে যাইঃ

- a) Bangladesh became a lower-middle-income country in 2015 and will be graduated from the LDCs group in 2026.
- b) In this passage, concentrated export basket indicates few goods of a country that are available to export. It also means, a country depends largely upon a very few goods to export. On the other hand, concentrated export market indicates few destinations (countries) of the products.
- c) While world export shrunk by 8.98%, Bangladesh exports declined by 16.23% to 12.18% of GDP. And this is because Bangladesh depends on few export sources.
- d) Suitable Title: Export performance of Bangladesh during the Pandemic: Impact of export concentration.

05. Mathematics

a) What is the value of $\frac{2^{x+4} - 4 \cdot 2^{x+1}}{2^{x+2} + 2}$?

Solution: Given, $\frac{2^{x+4} - 4 \cdot 2^{x+1}}{2^{x+2} + 2} = \frac{2^x \times 2^4 - 4 \times 2^x \times 2^1}{\frac{2^{x+2}}{2^1} + \frac{2}{2^1}} = \frac{16 \times 2^x - 8 \times 2^x}{\frac{2^{x+2} - 1}{2^1}} = \frac{8 \times 2^x}{2^{x+1}} = \frac{8 \times 2^x}{2^x \times 2^1} = \frac{8 \times 2^x}{2^x \times 2} = 4$

b) A pipe can fill up an empty tank in 15 minutes. Another pipe flows out 20 liter of water per minute. If the two pipes are opened together and the empty tank is filled in 135 minutes, how much water does the tank contain?

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি নল দিয়ে ১৫ মিনিটে একটি খালি ট্যাংক পূর্ণ করা যায়। অন্য একটি নল দ্বারা প্রতি মিনিটে ২০ লিটার পানি বের হয়ে যায়। দুটি নল এক সাথে চললে ট্যাংকটি ১৩৫ মিনিটে পূর্ণ হয়। ট্যাংকটির ধারণক্ষমতা কত?

Let, the capacity of the tank be x liters.

By 1st pipe

In 15 minutes pipe fill = x part of the tank

∴ In 1 minute pipe fill = $\frac{x}{15}$ part of the tank

According to question,

$$135 \left(\frac{x}{15} - 20 \right) = x$$

$$\Rightarrow 135 \left(\frac{x - 300}{15} \right) = x$$

$$\Rightarrow 9(x - 300) = x$$

$$\Rightarrow 9x - 2,700 = x$$

$$\Rightarrow 8x = 2,700$$

$$\therefore x = \frac{2700}{8} = 337.5 \text{ liters}$$

∴ The capacity of the tank is 337.5 liters.

c) Ms. Wazaiha invested a total amount of BDT 50,000 in two bonds namely BEXIMCO and DBBL that pay annual interest at the rate of 6.5% and 9%, respectively. If she likes to receive BDT 4,000 as interest income, how much should she invest in each bond?

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জনাব ওয়াজাইহা BEXIMCO এবং DBBL নামক দুটি বন্ডে ৫০,০০০ টাকা বিনিয়োগ করে যথাক্রমে ৬.৫% এবং ৯% হারে মুনাফা পান। বন্ড দুটি হতে তিনি ৪,০০০ টাকা মুনাফা হিসেবে পেতে চাইলে কোন বন্ডে কত টাকা বিনিয়োগ করতে হবে?

Let, she should invest x Tk. in BEXIMCO

∴ She should invest = $(50,000 - x)$ Tk. in DBBL

According to question

$$6.5\% \text{ of } x + 9\% \text{ of } (50,000 - x) = 4,000$$

$$\Rightarrow \frac{6.5x}{100} + \frac{9(50000 - x)}{100} = 4,000$$

$$\Rightarrow 6.5x + 450,000 - 9x = 400,000$$

$$\Rightarrow 6.5x - 9x = 450,000 - 400,000$$

$$\Rightarrow 2.5x = 50,000$$

$$\therefore x = \frac{50000}{2.5} = 20,000$$

∴ The amount of BEXIMCO bond be 20,000 Tk.

∴ DBBL amount would be = $50,000 - 20,000 = 30,000$ Tk.

Shortcut:

$$\text{Capacity} = \left(\frac{135 \times 15}{135 - 15} \right) \times 20 = \frac{135 \times 15}{120} \times 20 = 337.5 \text{ liters.}$$

Shortcut:

$$\text{Here, average earning rate} = \frac{4000 \times 100}{50000} = 8\%$$

According to the question

$$6.5x + 9y = 8(x + y)$$

$$\Rightarrow 65x + 90y = 80(x + y) = 80x + 80y$$

$$\Rightarrow 65x + 90y = 80x + 80y$$

$$\Rightarrow 15x = 10y$$

$$\Rightarrow 3x = 2y$$

$$\Rightarrow x : y = 2 : 3$$

$$\therefore x : y = 20,000 : 30,000$$

- d) Faiyaz and Ehan are standing 90 yards apart on a north-south axis. Faiyaz walks 70 yards to west, Ehan walks 50 yards to the east, and then both stop. What is the straight-line distance in yards between them now?

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দক্ষিণ অক্ষ বরাবর ফাইয়াজ এবং ইহান পরস্পর ৯০ গজ দূরে দাঁড়িয়েছে। ফাইয়াজ হেঁটে ৭০ গজ পশ্চিম দিকে ও ইহান হেঁটে ৫০ গজ পূর্ব দিকে গিয়ে উভয় থেমে গেল। বর্তমানে গজে উভয়ের মধ্যবর্তী দূরত্ব কত?

Let, us depict the image according to question:

Now, Faiyaz stands at point A

And Ehan stands at point C

Here, direct distance between them is AC

$\triangle ABC$ is a right angle triangle where AC = Hypotenuse

\therefore Applying Pythagorean theorem, we get


$$(AC)^2 = (AB)^2 + (BC)^2$$

$$\Rightarrow (AC)^2 = (50 + 70)^2 + (90)^2 = (120)^2 + (90)^2$$

$$\Rightarrow (AC)^2 = 14,400 + 8,100 = 22,500 = (150)^2$$

$$\therefore AC = 150$$

\therefore The straight distance between Faiyaz and Ehan is 150 yards.



- e) Suppose the number of people in Cumilla city is 1 million. If the number of males increases by 10% and the number of females decreases by 6%, then the number of people in city remains unchanged. What are the numbers of male and female in that city?

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ধরুন কুমিল্লা শহরে ১০ লক্ষ লোক বাস করে। শহরে পুরুষ লোকের সংখ্যা ১০% বাড়লে এবং মহিলা লোকের সংখ্যা ৬% কমলে মোট জনসংখ্যার পরিমাণ অপরিবর্তিত থাকে। ঐ শহরে পুরুষ ও মহিলার সংখ্যা কত?

Let, number of male be x

\therefore Number of female be $= (10,00,000 - x)$

According to question

$$110\% \text{ of } x + 94\% \text{ of } (10,00,000 - x) = 10,00,000$$

$$\Rightarrow \frac{110x}{100} + \frac{94(1000000 - x)}{100} = 10,00,000$$

$$\Rightarrow \frac{11x}{10} + \frac{9.4(1000000 - x)}{10} = 10,00,000$$

$$\Rightarrow 11x + 94,00,000 - 9.4x = 100,00,000$$

$$\Rightarrow 1.6x = 100,00,000 - 94,00,000 = 6,00,000$$

$$\therefore x = \frac{600000}{1.6} = 3,75,000$$

\therefore Number of male $= 3,75,000$

\therefore Number of female $= 10,00,000 - 3,75,000 = 6,25,000$

Shortcut:

10% of male = 6% of female

$$\Rightarrow 5M = 3F$$

$$\therefore M : F = 3 : 5$$

$$\therefore \text{Male} = \frac{3 \times 1000000}{3 + 5} = \frac{3000000}{8} = 375,000$$

$$\therefore \text{Female} = 10,00,000 - 3,75,000 = 6,25,000$$

06. Translate the following passage into English: রমজান ও গরমে বিদ্যুতের চাহিদা বাড়ছে। গ্যাসের তীব্র সংকটে উৎপাদন হচ্ছে কম। সক্ষমতা থাকলেও চাহিদামাফিক বিদ্যুৎ সরবরাহ করতে পারছে না বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। পরিস্থিতি মোকাবেলায় শিল্পে গ্যাস রেশনিংয়ের সিদ্ধান্ত নিয়েছে সরকার। উদ্যোগ নেয়া হয়েছে সব ধরনের শিল্পে দিনে ৪ ঘণ্টা করে গ্যাস ব্যবহার বন্ধ থাকবে।

Solution: Electricity demand is on the rise during the Ramadan and the summer season. Production is declining due to the acute gas crisis. Despite having capacity, Power Development Board is not able to supply electricity as per the demand. To address the situation, the government has decided to introduce gas rationing in the industry. Initiatives have been taken to cut off gas supply to all industries for four hours a day.

Combined 9 Banks
Recruitment Test for Officer (General) – 07.01.2022
Faculty of Business, DU

01. 'Lyric' শব্দের প্রতিশব্দ

- a) সংগতি
 b) সুর
 c) গান
 d) গীতিকবিতা

ans. D

Solution: Lyric অর্থ গীতি কবিতা।

02. বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় কত সালে?

- a) ১৯৪৭
 b) ১৯৪৮
 c) ১৯৫২
 d) ১৯৫৫

ans. D

Solution: বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয় ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর। বাংলা একাডেমির প্রতিষ্ঠা স্থাপন ও সংগঠনের চিন্তা ড. মুহম্মদ শহীদুল্লাহ প্রথম করেন। ড. শহীদুল্লাহ ৩১ ডিসেম্বর, ১৯৪৮ এ পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলনে ভাষা সংক্রান্ত একটি একাডেমি প্রতিষ্ঠার দাবি করেন।

03. 'কণ্ঠস্বর' সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন

- a) সিকান্দার আবু জাফর
 b) আব্দুল্লাহ আবু সায়ীদ
 c) আবুদুল মান্নান সৈয়দ
 d) রফিক আজাদ

ans. B

Solution: 'কণ্ঠস্বর' (১৯৬৫) সাহিত্য পত্রিকাটির সম্পাদক ছিলেন আব্দুল্লাহ আবু সায়ীদ। উল্লেখ্য, সিকান্দার আবু জাফর সম্পাদক ছিলেন 'সমকাল' (১৯৫৭) পত্রিকার; আবদুল মান্নান সৈয়দ সম্পাদক ছিলেন 'শিল্পকলা' (১৯৭০) পত্রিকার; রফিক আজাদ সম্পাদক ছিলেন 'স্বাক্ষর' (১৯৬৩) পত্রিকার।

04. 'পরশুরাম' ছদ্মনামে লিখতেন

- a) সমরেশ বসু
 b) বিনয়কৃষ্ণ মুখোপাধ্যায়
 c) রাজশেখর বসু
 d) সতীনাথ ভাদুড়ি

ans. C

Solution: রাজশেখর বসু ছিলেন একজন বিশিষ্ট ভারতীয় বাঙালি সাহিত্যিক, অনুবাদক, রসায়নবিদ ও অভিধান প্রণেতা। তিনি 'পরশুরাম' ছদ্মনামে তাঁর ব্যঙ্গকৌতুক ও বিদ্রূপাত্মক কথাসাহিত্যের জন্য প্রসিদ্ধ।

05. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেন?

- a) ১৯১৮
 b) ১৯২৬
 c) ১৯৩২
 d) ১৯৩৬

ans. B

Solution: রবীন্দ্রনাথ ঠাকুর ১৯২৬ সালের ১০ ফেব্রুয়ারি কার্জন হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বক্তৃতা দেন। এই বক্তৃতার শিরোনাম ছিলো 'The Meaning of Art'. উল্লেখ্য, তিনি ১৯২৬ সালের ১৩ ফেব্রুয়ারি কার্জন হলে দ্বিতীয় বারের মতো বক্তৃতা দেন। আর এই বক্তৃতার শিরোনাম ছিলো 'The Rule of the Giant'. উক্ত বক্তৃতায় অল্পসংখ্যক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তৎকালীন উপাচার্য ড. জি এইচ ল্যাংলি।

06. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

- a) ধ্বনিতত্ত্ব
 b) অর্থাৎ
 c) বাক্যতত্ত্ব
 d) রূপতত্ত্ব

ans. A

Solution: বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়ঃ

বিষয়	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব	ধ্বনি, সন্ধি, গ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি।
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব	শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ।
বাক্যতত্ত্ব বা পদক্রম	বাক্যের গঠন প্রণালী, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন।
অর্থতত্ত্ব	শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার।

07. কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস নয় কোনটি?

- a) শিউলিমাল্লা
 b) বাঁধন-হারা
 c) মৃত্যু-ক্ষুধা
 d) কুহেলিকা

ans. A

Solution: 'শিউলিমালা' (১৯৩১) কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ। এ গ্রন্থটির অন্তর্ভুক্ত বিখ্যাত গল্প হলোঃ পদ্ম-গোখরা, জিনের বাদশা। উল্লেখ্য, 'বান্দন-হারা' (১৯২৭), 'মৃত্যু-ক্ষুধা' (১৯৩০) এবং 'কুহেলিকা' (১৯৩১) হলো কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস।

08. 'মহুয়া' কে রচনা করেছেন?

- a) মনসুর বয়াতি
b) দ্বিজ কানাই
c) দক্ষিণারঞ্জন মিত্র
d) দীনেশচন্দ্র সেন

ans. B

Solution: ময়মনসিংহ অঞ্চল থেকে সংগৃহীত একটি পালা হলো 'মহুয়া' যার রচয়িতা দ্বিজ কানাই। এই পালার কয়েকটি উল্লেখযোগ্য চরিত্র হলোঃ মহুয়া, নদের চাঁদ, হুমরা বেদে, সাধু।

09. 'কবিকঙ্কণ' কোন কবির উপাধি?

- a) মুকুন্দরাম চক্রবর্তী
b) ভারতচন্দ্র রায়গুণাকর
c) হরিদত্ত
d) মানিক দত্ত

ans. A

Solution: মুকুন্দরাম চক্রবর্তী মেদিনীপুরের রাজা রঘুনাথ রায়ের অনুরোধে 'চণ্ডীমঙ্গল' কাব্য লেখেন। রাজা রঘুনাথ তাকে 'কবি কঙ্কণ' উপাধি দেন। মুকুন্দরাম চক্রবর্তীকে 'দুঃখ বর্ণনার কবি'ও বলা হয়। 'কবিরাজ' উপাধি হলো সমুদ্রগুপ্তের। 'কবিগুরু' উপাধি হলো রবীন্দ্রনাথ ঠাকুরের। 'কবিকণ্ঠহার' উপাধি হলো বিদ্যাপতির।

10. মুক্তিযুদ্ধভিত্তিক নাটক কোনটি?

- a) পায়ের আওয়াজ পাওয়া যায়
b) আগুনের পরশমণি
c) জাহান্নাম হইতে বিদায়
d) একান্তরের দিনগুলি

ans. A

Solution: সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধবিষয়ক প্রথম কাব্যনাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। এটি মুক্তিযুদ্ধ বিষয়ক তার সর্বাধিক সার্থক ও মঞ্চসফল কাব্যনাটক। 'নূরলদীনের সারাজীবন' তার রচিত দ্বিতীয় কাব্যনাটক। এটি ঐতিহাসিক ঘটনা ও চরিত্রের আলোকে রচিত।

11. 'সাহিত্যিকী' পত্রিকাটি কোন প্রতিষ্ঠান থেকে প্রকাশিত হয়?

- a) বাংলা একাডেমি
b) বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি
c) রাজশাহী বিশ্ববিদ্যালয়
d) ঢাকা বিশ্ববিদ্যালয়

ans. C

12. কোনটি ভাববাচক বিশেষ্য নয়?

- a) চলন্ত
b) দর্শন
c) সৌন্দর্য
d) করতে

ans. C

Solution: যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমনঃ গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন (শোয়ার কাজ)।

13. প্রত্যয় দিয়ে গঠিত শব্দ

- a) শীতাত্ত
b) ভরপেট
c) লালপেড়ে
d) গ্রামীণ

ans. D

Solution: সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ঃ গ্রাম + ইন = গ্রামীণ।

14. মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ

- a) গায়েপড়া
b) কানেখাটো
c) হাতেখড়ি
d) সেতার

ans. C

Solution: বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন: হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি।

15. Translate the following sentence into Bengali: Diamond cuts diamond.

- a) সঙ্গ দোষে নষ্ট
b) সঙ্গ দেখে লোক চেনা যায়
c) মানিকে মানিক চেনে
d) সৎ সঙ্গে স্বর্গ বাস

ans. C

Solution: মানিকে মানিক চেনে = Diamond cuts diamond. সঙ্গ দেখে লোক চেনা যায় = A man is known by the company he keeps.

16. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?

- a) সারারাত বৃষ্টি ছিল।
b) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
c) বাড়ি থেকে নদী দেখা যায়
d) ভোরে সূর্য উঠে

ans. A

Solution: 'সারারাত বৃষ্টি হয়েছে' এখানে সারারাত হলো অধিকরণে শূন্য বিভক্তি।

17. NUMERATOR : DENOMINATOR ::

- a) Fraction : Decimal
b) Divisor : Quotient
c) Ratio : Proportion
d) Dividend : Divisor

ans. D

Solution: Numerator অর্থ ভগ্নাংশের লব। Denominator অর্থ হর। Dividend অর্থ ভাজ্য। Divisor অর্থ ভাজক। কিন্তু, Fraction অর্থ ক্ষুদ্র অংশ; ভগ্নাংশ। Decimal অর্থ এক-দশমাংশ; দশমিক। Divisor অর্থ ভাজক। Quotient অর্থ ভাগফল। Ratio অর্থ অনুপাত। Proportion অর্থ অনুপাত; সমানুপাত।

ব্যাখ্যাঃ কোনো ভগ্নাংশের Numerator থাকে উপরে আর Denominator থাকে নিচে। আর অঙ্কের ক্ষেত্রে Dividend থাকে উপরে আর Divisor তাকে নিচে।

18. Which is the correct spelling?

- a) Kindergarten
b) Kintergarden
c) Kindargarten
d) Kindergarten

ans. D

Solution: Kindergarten অর্থ প্রাতিষ্ঠানিক শিক্ষালাভের বয়স হয়নি এমন শিশুদের জন্য স্কুল।

19. Choose the incorrectly spelt word:

- a) Diarrhoea
b) Chauffeur
c) Typhoide
d) Dysentery

ans. C

20. The error in the sentence, 'One of the recommendation made by him was accepted; is

- a) one of the
b) recommendation
c) made by
d) was accepted

ans. B

Solution: শুরুতে আছে One আর Recommendation বা সুপারিশ হলো Singular। কাজেই শুরুতে One আছে বলে Recommendation এর পরিবর্তে Recommendations হবে যার অর্থ সুপারিশ সমূহ যা Plural।
বাক্যের অর্থঃ তার কর্তৃক তৈরীকৃত সুপারিশ সমূহের মধ্যে থেকে একটি গৃহীত হয়েছে।

21. We must adapt ourselves _____ all circumstance.

- a) with
b) in
c) by
d) to

ans. D

Solution: Adapt someone to something বসে তখন যখন কেউ কোন পরিস্থিতির সাথে নিজেকে খাপ খাইয়ে (Adjust) নেয়।

বাক্যের অর্থঃ আমাদের অবশ্যই পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে হবে।

22. I took an aspirin to _____ the pain in my knee.

- a) accelerate
b) accompany
c) alleviate
d) deviate

ans. C

Solution: Knee বা হাঁটুতে ব্যথা। তাই Aspirin বা ব্যথার ঔষুধ খেয়ে ব্যথা লাঘব (Alleviate) করতে হবে।

বাক্যের অর্থঃ আমার হাঁটুর ব্যথা নিরাময়ের জন্য অ্যাসপিরিন খেলাম।

23. I was astonished _____ the sad news.

- a) at
b) to
c) with
d) over

ans. A

Solution: কোনো বিষয়ে বিস্মিত বুঝাতে Astonish at বসে।

বাক্যের অর্থঃ দুঃখের খবরে আমি খুবই বিস্মিত হয়ে পড়েছিলাম।

24. Find the synonym of the word: PERPETUAL

- a) Steady
b) Equable
c) Persistence
d) Everlasting

ans. D

Solution: এখানে Perpetual = Everlasting অর্থ চিরস্থায়ী। কিন্তু, Steady অর্থ দৃঢ়ভাবে স্থাপিত বা প্রতিষ্ঠিত। Equable অর্থ অপরিবর্তনীয়। Persistence অর্থ অনড় অবস্থান; বজায় থাকা।

25. What is the opposite word of PLETHORA?

- a) Profusion
b) Current
c) Balance
d) Shortage

ans. D

Solution: এখানে Plethora অর্থ অতিপ্রাচুর্য। কিন্তু, Shortage অর্থ স্বল্পতা। উল্লেখ্য, Profusion অর্থ অতিপ্রাচুর্য। Current অর্থ প্রচলিত; সর্বজনস্বীকৃত। Balance অর্থ বিচার করা।

26. DEPTH : SEA ::

- a) Ray : Sun
b) Length : Width
c) Height : Mountain
d) Peak : Valley

ans. C

Solution: Depth অর্থ গভীরতা; ঘনত্ব। Sea অর্থ সাগর; সমুদ্র। Height অর্থ উচ্চতা; উন্নতি। Mountain অর্থ পর্বত; শৈল। Ray অর্থ রশ্মি; কিরণ। Sun অর্থ সূর্য; রবি। Length অর্থ দৈর্ঘ্য। Width অর্থ প্রশস্ততা। Peak অর্থ সরু চূড়া; শিখর। Valley অর্থ উপত্যকা।

ব্যাখ্যাঃ Sea এর Depth অনেক বেশি থাকে। আর Mountain এর Height অনেক বেশি থাকে।

27. Translation the following sentence into English: 'আমার যদি পাখির মতো ডানা থাকত'।

- a) If I were a bird!
b) If I have the wings of a bird!
c) Had I the wings of a bird!
d) If I could fly like a bird!

ans. C

28. The idiom 'To break the ice' means

- a) to accomplish a difficult task
b) to be the first to begin
c) to bring out good news
d) to get the truth

ans. B

Solution: এখানে To break the ice অর্থ দ্বিধা সংকোচ কাটিয়ে; সৌহার্দ্য পূর্ণ সম্পর্ক গড়ে তোলা; কোনো নাজুক ব্যাপারে প্রথম পদক্ষেপ নেয়া। কিন্তু, To accomplish a difficult task অর্থ কোন কঠিন কাজ সম্পাদন করা। To bring out good news অর্থ ভালো খবর আনয়ন করা। To get the truth অর্থ সত্য হিসেবে পাওয়া।

29. The meaning of the phrase 'To feather one's nest' is:

- a) to gain popularity
b) to be selfish
c) to provide for future
d) to cheat others

ans. B

Solution: To feather one's nest অর্থ নিজের জন্য আরামের ব্যবস্থা করা; নিজের আখের গোছানো। কিন্তু, To gain popularity অর্থ জনপ্রিয়তা পাওয়া। To provide for future অর্থ ভবিষ্যতের জন্য সরবরাহ করা। To cheat others অর্থ অন্যকে প্রতারণা করা।

30. No sooner had he reached the station _____.

- a) when the train left
b) and the train left
c) then the train left
d) than the train left

ans. D

Solution: Past perfect tense এর গঠন হওয়ার নিয়ম হলো No sooner had + subject + + than + subject + past indefinite tense. উল্লেখ্য, No sooner had I reached অর্থ আমি পৌছাতে না পৌছাতেই।
বাক্যের অর্থঃ আমি স্টেশনে পৌছাতে না পৌছাতেই ট্রেনটি ছেড়ে দিল।

31. The actor _____ the auditorium before the audience stood up.

- a) had been left
b) was left
c) had left
d) was leaving

ans. C

Solution: Past perfect tense থাকায় Before থাকার কারণে এর পূর্বে Past perfect এবং পরে Past indefinite tense বসবে।

বাক্যের অর্থঃ স্রোতার দাঁড়ানোর পূর্বেই অভিনেতা চলে গেল।

32. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পতন'। সঠিক ইংরেজি?

- a) Ill got ill spent.
b) Do or die.
c) Easier said than done.
d) Great minds think alike.

ans. B

33. 10, 4, 26, 16 what is the median of the numbers shown?

- a) 10
b) 13
c) 14
d) 15

ans. B

Solution: প্রশ্নে বলা হচ্ছে 10, 4, 26, 16 সংখ্যাগুলোর মধ্যক কত?

সংখ্যাগুলোকে ক্রমানুযায়ী সাজায়ঃ 4, 10, 16 ও ২৬.

আমরা জানি, মধ্যক = $\frac{10+16}{2} = \frac{26}{2} = 13$

34. If $x + y = 7$ and $x - y = 3$, then $x^2 - y^2 =$

- a) -4
c) 10

- b) 4
d) 21

ans. D

Solution: দেয়া আছে, $x + y = 7$ ও $x - y = 3$

আমরা জানি, $x^2 - y^2 = (x + y)(x - y) = 7 \times 3 = 21$.

35. Company C produces toy trucks at a cost of Tk. 5.00 each for the first 100 trucks and Tk. 3.50 for each additional truck. If 500 toy trucks were produced by Company C and sold for Tk. 10.00 each, what was Company C's gross profit?

- a) Tk. 2,250
c) Tk. 3,100

- b) Tk. 2,500
d) Tk. 3,250

ans. C

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি কোম্পানি C প্রথম 100 টি খেলনা গাড়ি তৈরী করে। প্রতিটির খরচ হয় 5 টাকা করে কিন্তু এর পরে আরো খেলনা গাড়ি তৈরী করলে প্রতিটির জন্য খরচ হয় 3.5 টাকা। এ কোম্পানি 500 টি খেলনা গাড়ি তৈরী করে প্রতিটি 10 টাকা করে বিক্রয় করে তবে কত লাভ হবে?

প্রথম 100 টি খেলনা গাড়ির খরচ = $5 \times 100 = 500$ টাকা

এবং পরবর্তী 400 টি খেলনা গাড়ির খরচ = $400 \times 3.5 = 1,400$ টাকা

500 টি খেলনা গাড়ির জন্য খরচ হয় = $500 + 1,400 = 1,900$ টাকা

কিন্তু কোম্পানিটি 500 টি খেলনা গাড়ি বিক্রয় করে = $500 \times 10 = 5,000$ টাকা

∴ কোম্পানির লাভ হয় = $5,000 - 1,900 = 3,100$ টাকা।

36. If p is an even integer and q is an odd integer, which of the following must be an odd integer?

- a) $\frac{p}{q}$

- b) pq

- c) $2p + q$

- d) $2(p + q)$

ans. C

Solution: প্রশ্নে বলা হচ্ছে, p একটি জোড় সংখ্যা এবং q একটা বিজোড় সংখ্যা হলে নিচের কোনটি অবশ্যই বিজোড় সংখ্যা হবে?

এখানে p (= even) এবং q (= odd) Positive, Negative দুই-ই হতে পারে

তাহলে a) তে আছে, $\frac{p}{q} = \frac{\text{even}}{\text{odd}} = \text{even}$

অপশন b) তে আছে, $pq = \text{even} \times \text{odd} = \text{even}$ [কোন সংখ্যা Even বা Odd যাই হোক না কেন একে Even দ্বারা গুণ করলে Always even হবে]

অপশন c) তে আছে, $2p + q = 2; \text{even} + \text{odd} = \text{odd}$

অপশন d) তে আছে, $2(p + q) = 2(\text{even} + \text{odd}) = \text{even}$

37. The product p of two prime numbers is between 9 and 55. If one of the prime numbers is greater than 2 but less than 6 and the other is greater than 13 but less than 25, then $p =$

- a) 15
c) 34

- b) 33
d) 51

ans. D

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 9 এবং 55 এর মধ্যবর্তী দুটি মৌলিক সংখ্যার গুণফল p . একটি মৌলিক সংখ্যা 2 অপেক্ষা বড়

কিন্তু 6 অপেক্ষা ছোট। আবার, অপর মৌলিক সংখ্যাটি 13 থেকে বড় কিন্তু 25 থেকে ছোট। p এর মান কত?

এখানে 2 থেকে 6 এর মধ্যবর্তী মৌলিক সংখ্যা হলো 3 এবং 5

এবং 13 থেকে 25 এর মধ্যবর্তী মৌলিক সংখ্যা হলো 17, 19 এবং 23

এখানে, মৌলিক সংখ্যা দুয়ের গুণফল 9 এবং 55 এর মধ্যবর্তী হলে $p = 3 \times 17 = 51$ হবে।

∴ নির্ণেয় সংখ্যা = 51

38. A certain machine produces 1,000 units of product p per hour. Working continuously at this constant rate, this machine will produce how many units of product p in 7 days?

- a) 7,000
c) 40,000

- b) 24,000
d) 1,68,000

ans. D

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে 5, 8, 12 এবং 15 এর সমষ্টি 3, 4, x এবং $(x + 3)$ এর সমষ্টির সমান হলে $x = ?$

প্রশ্নানুসারে আমরা লিখতে পারিঃ $5 + 8 + 12 + 15 = 3 + 4 + x + x + 3$

$$\Rightarrow 2x + 10 = 40$$

$$\Rightarrow 2x = 30$$

$$\therefore x = 15$$

\therefore নির্ণেয় সংখ্যা 15

44. A rectangular floor that measures 8 meters by 10 meters is to be covered with carpet that each measure 2 meters by 2 meters. If the carpet cost Tk. 12 a piece, what is the total cost to cover the floor?

a) Tk. 200

b) Tk. 240

c) Tk. 480

d) Tk. 960

ans. B

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ফ্লোরের দৈর্ঘ্য 8 মিটার এবং প্রস্থ 10 মিটার। ফ্লোরটিকে 2 মিটার দৈর্ঘ্য এবং 2 মিটার প্রস্থের কার্পেট দ্বারা মুড়াতে প্রতি বর্গমিটারে 12 টাকা করে খরচ হলে ফ্লোরটি কার্পেট করতে কত খরচ হবে?

আয়তাকার ফ্লোরের ক্ষেত্রফল = $8 \times 10 = 80$ বর্গমিটার

কার্পেটের ক্ষেত্রফল = $2 \times 2 = 4$ বর্গমিটার

$$\therefore \text{মোট কার্পেট লাগে} = \frac{80}{4} = 20 \text{ টি}$$

অতএব, ফ্লোরের কার্পেট করতে খরচ হবে = $20 \times 12 = 240$ টাকা

45. For which of the following value of s is $\frac{50+s}{s}$ an integer?

a) 3

b) 4

c) 9

d) 50

ans. D

Solution: প্রশ্নে বলা হচ্ছে, s এর কোন মানের জন্য $\frac{50+s}{s}$ সংখ্যাটি পূর্ণসংখ্যা হবে?

এই অঙ্কটি অপশন ধরে করলে দ্রুত সমাধান পাবেন

$s = 3$ বসিয়ে পাই, $\frac{50+3}{3} = \frac{53}{3}$ যা পূর্ণসংখ্যা নয়।

এবং, $s = 4$ বসিয়ে পাই, $\frac{50+4}{4} = \frac{27}{2}$ যা পূর্ণসংখ্যা নয়।

আবার, $s = 9$ বসিয়ে পাই, $\frac{50+9}{9} = \frac{59}{9}$ যা পূর্ণসংখ্যা নয়।

কিন্তু, $s = 50$ বসিয়ে পাই, $\frac{50+50}{50} = \frac{100}{50} = 2$ যা পূর্ণসংখ্যা।

\therefore সঠিক উত্তর হবে $s = 50$.

46. The amount of time that three secretaries worked on a special project are in the ratio of 1 to 2 to 5. If they worked a combined total of 112 hours, how many hours did the secretary who worked the longest spend on the project?

a) 80

b) 70

c) 56

d) 16

ans. B

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, তিনজন ব্যক্তি একটি প্রকল্পে 1 : 2 : 5 সময় অনুপাতে কাজ করে। তারা মোট 112 ঘণ্টা এই প্রকল্পে কাজ করলে সবচেয়ে দীর্ঘক্ষণ কাজ করেছেন কে?

ধরি, তিনজনে কাজ করেন যথাক্রমে

x ঘণ্টা; $2x$ ঘণ্টা এবং $5x$ ঘণ্টা।

$$\therefore \text{একজন ব্যক্তি সবচেয়ে দীর্ঘক্ষণ কাজ করেন} = 112 \text{ এর } \frac{5x}{x+2x+5x} = 112 \text{ এর } \frac{5x}{8x} = 70 \text{ ঘণ্টা।}$$

47. The ratio of the length to the width of a rectangular advertising display is approximately 3.3 to 2. If the width of the display is 8 meters, what is the approximate length of the display, in meters?

a) 7

b) 11

c) 13

d) 16

ans. C

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত 3.3 : 2. ক্ষেত্রটির প্রস্থ 8 মিটার হলে দৈর্ঘ্য কত মিটার (প্রায়)?

ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $3.3x$ মিটার ও প্রস্থ $2x$ মিটার
প্রশ্নমতে, $2x = 8$

$$\therefore x = \frac{8}{2} = 4$$

\therefore নির্ণেয় দৈর্ঘ্য $= 3.3x = 3.3 \times 4 = 13.2$ মিটার।

48. A gym class can be divided into 8 teams with an equal number of players on each team or into 12 teams with an equal number of players on each team. What is the lowest possible number of students in the class?

- a) 20
b) 24
c) 36
d) 48

ans. B

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি শ্রেণির সকল ছাত্রকে 8 কিংবা 12টি গ্রুপে ভাগ করলে প্রত্যেক গ্রুপে সম সংখ্যক ছাত্র থাকে। ক্লাসের সর্বনিম্ন ছাত্র সংখ্যা কত হতে পারে?

এখানে, 8 ও 12 এর ল.সা.গু.

$$\begin{array}{r} 2 \overline{) 8, 12} \\ 2 \overline{) 4, 6} \\ \underline{2, 3} \end{array}$$

\therefore নির্ণেয় ছাত্রসংখ্যা $= 2 \times 2 \times 2 \times 3 = 24$ জন

49. A retail appliance store priced a video recorder at 20 percent above the wholesale cost of Tk. 200. If a store employee applied the 10 percent employee discount to the retail price to buy the recorder, how much did the employee pay for the recorder?

- a) Tk. 198
b) Tk. 216
c) Tk. 220
d) Tk. 230

ans. B

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি দোকানে একটি ভিডিও ডিস্কের খুচরা মূল্য পাইকারি মূল্য 200 টাকার চেয়েও 20% বেশি। এখন খুচরা মূল্যের উপর 10% ছাড় দিলে ভিডিও ডিস্কের দাম কত পড়বে? দেয়া আছে, পাইকারি মূল্য = 200 টাকা

$$\therefore \text{খুচরা মূল্য} = (200 \text{ এর } 120\%) \text{ টাকা} = 200 \times \frac{120}{100} = 240 \text{ টাকা}$$

$$10\% \text{ ছাড়ে খুচরা মূল্য} = (240 \text{ এর } 90\%) \text{ টাকা} = 240 \times \frac{90}{100} = 216 \text{ টাকা}$$

50. A bag contains 7 red, 9 yellow and 3 black balls. If a ball is picked at random, what is the probability that the ball drawn will be either a red or a black ball?

- a) $\frac{7}{19}$
b) $\frac{9}{19}$
c) $\frac{10}{19}$
d) $\frac{11}{19}$

ans. C

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ব্যাগে 7টি লাল, 9টি হলুদ এবং 3টি কালো রংয়ের বল রয়েছে। একটি বল ব্যাগ হতে দৈবভাবে চয়ন করা হলে মোট সবুজ বা সাদা হবার সম্ভাবনা কত?

$$\text{মোট বল আছে} = 7 + 9 + 3 = 19 \text{টি}$$

$$\text{মোট লাল ও কালো বল রয়েছে} = 7 + 3 = 10 \text{টি}$$

$$\therefore \text{একটি লাল বা কালো বল পাওয়ার সম্ভাবনা} = \frac{10}{19}$$

51. Committee X has 4 members, committee Y has 5 members, and these committees have no members in common. If a task force is to be formed consisting of one member of X and one member of Y, how many different task forces are possible?

- a) 6
b) 9
c) 10
d) 20

ans. D

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, x কমিটিতে 4 জন এবং y কমিটিতে 5 জন সদস্য রয়েছে। ঐ দুটি কমিটিতে x এবং y এর কোনো সাধারণ সদস্য নেই। এখন x থেকে 1 জন এবং y থেকে 1 জন নিয়ে একটি কমিটি গঠন করা হলে কতভাবে কমিটি গঠন করা যাবে?

এখানে, 4 জন হতে 1 জনকে ${}^4C_1 = 4$ উপায়ে বাছাই করা যায়।

আবার, 5 জন হতে 1 জনকে ${}^5C_1 = 5$ উপায়ে বাছাই করা যায়।

∴ নির্ণেয় উপায়সংখ্যা = $4 \times 5 = 20$ উপায়ে।

52. As a salesperson, poly can choose one of two methods of annual payment; either an annual salary of TK. 35,000 with no commission or an annual salary of TK. 10,000 plus a 20 percent commission on her total annual sales. What must her total annual sales be to give her the same annual pay with either method?

a) Tk. 100,000

b) Tk. 120,000

c) Tk. 125,000

d) Tk. 130,000

ans. C

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একজন বিক্রয়কর্মী হিসেবে পলি বার্ষিক পরিশোধ পদ্ধতির যে কোন একটি বাছাই করে নিতে পারে। (i) নং হলো কোন প্রকার কমিশন ছাড়া বার্ষিক বেতন 35,000 টাকা (ii) নং হলো 10,000 টাকা বার্ষিক বেতন + বিক্রয়ের উপর 20% কমিশন। এখন বার্ষিক বেতন 35,000 টাকা সমান Payment উঠানোর জন্য তার বার্ষিক বিক্রয়ের পরিমাণ কত?

ধরি, তার বার্ষিক বিক্রয়ের পরিমাণ হলো x টাকা

প্রশ্নমতে, $10,000 + 20\% \text{ of } x = 35,000$

⇒ $10,000 + 0.2x = 35,000$

⇒ $0.2x = 25,000$

∴ $x = \frac{25000}{0.2} = 1,25,000$ টাকা

অর্থাৎ বার্ষিক বিক্রয়ের পরিমাণ হলো 1,25,000 টাকা।

53. Arrange in ascending order the units of memory TB, KB, GB, MB-

a) TB>MB>GB >KB

b) MB>GB>TB >KB

c) TB>GB>MB >KB

d) GB>MB>KB >TB

ans. C

Solution: কম্পিউটারের তথ্য ধারণের জন্য ব্যবহৃত মেমোরি বা স্মৃতির ধারণ ক্ষমতার সবচেয়ে বড় একক টেরাবাইট। এরপরে রয়েছে যথাক্রমে GB>MB>KB.

54. Using output devices one can-

a) Process Data

b) Store Data

c) Scan Data

d) Print Data

ans. D

55. Which of the following group has only input devices?

a) Mouse, Keyboard and Monitor

b) Mouse, Keyboard and Printer

c) Mouse, Keyboard and Plotter

d) Mouse, Keyboard and Scanner

ans. D

56. Spyware is a type of-

a) Highlighter

b) Navigator

c) Accounts software

d) Malware

ans. D

Solution: Malware হলো এক ধরনের ইচ্ছাকৃতভাবে তৈরি Software যেটা কম্পিউটার বা সার্ভারের ক্ষতি করতে পারে। কিছু Malware হল virus, trojan, horse, spyware, adware ইত্যাদি।

57. Python is a-

a) Utility software

b) Unicode simplifier

c) Programming language

d) Antivirus

ans. C

Solution: Python একটি অবজেক্ট ওরিয়েন্টেড উচ্চ স্তরের প্রোগ্রামিং ভাষা। ১৯৯১ সালে গুইডো ভ্যান রোসাম এটি প্রথম প্রকাশ করেন। পাইথন নির্মাণ করার সময় প্রোগ্রামকে পঠনযোগ্যতার উপর বেশি জোর দেয়া হয়েছে। এখানে প্রোগ্রামারের পরিশ্রমকে কম্পিউটারের চেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। ১৯৯৪ সালের জানুয়ারিতে পাইথনের ১.০ সংস্করণে প্রবেশ করে।

58. Which of the following is the shortcut control key for centering text?

- a) Ctrl + B
b) Ctrl + C
c) Ctrl + E
d) Ctrl + F

ans. C

Solution: টেক্সট মাঝে অবস্থান করে এবং ডানে ও বামে সমান ফাঁকা জায়গা থাকে। এক্ষেত্রে টেক্সট সিলেক্ট করে Ctrl + E চাপতে হবে। MS Word এ কিছু শর্টকাট কমান্ডঃ

কীবোর্ড কমান্ড	কাজ
Ctrl + S	Save
Ctrl + C	Copy
Ctrl + X	Cut
Ctrl + V	Paste
Ctrl + Z	Undo
Ctrl + Y	Redo
Ctrl + P	Print

কীবোর্ড কমান্ড	কাজ
Ctrl + E	Central Alignment
Ctrl + L	Left Alignment
Ctrl + R	Right Alignment
Ctrl + J	Justify Alignment
Ctrl + N	Open a new window
Ctrl + H	Replace
Ctrl + F	Find

59. Which of the key is not on the number keypad?

- a) Ctrl
b) Del
c) Enter
d) Num lock

ans. A

60. The new Facebook's company name 'Meta' is a-

- a) Greek word
b) Persian word
c) Swiss word
d) Danish word

ans. A

Solution: 'Meta' শব্দটি এসেছে গ্রিক শব্দ থেকে। এর অর্থ 'গণ্ডির বাইরে'। উল্লেখ্য, ২৮ অক্টোবর ২০২১ সালে Facebook এর করপোরেট নাম রাখা হয় 'Meta'.

61. During Liberation War of Bangladesh, Dhaka was under which sector?

- a) Sector 1
b) Sector 2
c) Sector 5
d) Sector 7

ans. B

Solution: ২নং সেক্টরের অধীনে ছিল কুমিল্লা, আখাউড়া-ভৈরব এবং ঢাকা শহর, ফরিদপুর ও নোয়াখালী জেলার অংশবিশেষ। সাত সেক্টর ছিল ৬টি। সদর দপ্তর ছিল আগরতলার মেলাঘর ত্রিপুরা, ভারত।

62. Who is the first Bangladeshi woman to climb the World's highest peak, the Mount Everest?

- a) Nishat Majumder
b) Wasfia Nazreen
c) Nishat Nazreen
d) Wasfia Majumder

ans. A

Solution: ১৯ মে ২০১২ সালে মাউন্ট এভারেস্ট জয় করেন প্রথম বাংলাদেশী নারী নিশাত মজুমদার। ২৬ মে ২০১২ সালে দ্বিতীয় বাংলাদেশী নারী হিসেবে এভারেস্ট জয় করেন ওয়াসফিয়া নাজরীন। আর ২৩ মে ২০১০ সালে মাউন্ট এভারেস্ট জয় করেন প্রথম বাংলাদেশী নাগরিক মুসা ইব্রাহিম।

63. Who is the designer of the official logo of Bangladesh Government?

- a) A. N.A Shaha
b) Shib Narayan Das
c) Zainul Abedin
d) Kamrul Hasan

ans. A

Solution: বাংলাদেশের রাষ্ট্রীয় মনোখামের ডিজাইনার হলেন এ.এন.এ.সাহা। উল্লেখ্য, বাংলাদেশের মনোখাম সরকারি অফিস, নথি, স্মারক, চিঠিপত্র ও বিজ্ঞপ্তিতে ব্যবহার করা হয়।

64. What is the length (in kilometer) of the Padma Bridge?

- a) 5.25
b) 5.65
c) 6.15
d) 6.25

ans. C

Solution: পদ্মা সেতুর মোট দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার এবং প্রস্থ ১৮.১০ মিটার। মোট পিলার ৪২টি এবং স্প্যান ৪১টি।

65. How many members does the Commonwealth Association have?

- a) 10
b) 20
c) 54
d) 101

ans. C

Solution: কমনওয়েলথের বর্তমান সদস্য সংখ্যা ৫৪টি। ১৯৩১ সালের ১১ ডিসেম্বর ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক উপনিবেশগুলোর পূর্ণ স্বাধীনতা দেওয়া হয় এবং ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়। 'কমনওয়েলথ' নামকরণ করা হয় ১৯৪৯ সালের ২৬ এপ্রিল (লন্ডন ঘোষণা অনুযায়ী)। শিক্ষা, স্বাস্থ্য, খাদ্যসহ বিভিন্ন খাতে সহযোগিতা করা কমনওয়েলথ এর কাজ। কমনওয়েলথ দিবস পালিত হয় মার্চ মাসের দ্বিতীয় সোমবার।

66. The headquarter of the World Bank is located in?

- a) Geneva
b) Washington D,C
c) Berlin
d) Paris

ans. B

Solution: বিশ্বব্যাংক একটি আন্তর্জাতিক আর্থিক সংস্থা যা উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন কর্মকাণ্ডের জন্য ঋণ ও অনুদান প্রদান করে। ওয়ার্ল্ড ব্যাংক ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য রাষ্ট্রের সংখ্যা ১৮৯টি। বর্তমান প্রেসিডেন্ট ডেভিড ম্যালপাস। সদর দপ্তর হলো ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র। বিশ্বব্যাংক গ্রুপের অঙ্গ সংগঠন হলো ৫টি - IBRD, IDA, IFC, ICSID এবং MIGA .

67. Which one is under 'Bretton Woods Institutions'?

- a) IDM
b) IMF
c) WTO
d) ADP

ans. B

Solution: বিশ্ব ব্যাংক এবং IMF কে 'Bretton Woods Institutions' বলা হয়। উল্লেখ্য, ১ থেকে ২২ জুলাই ১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে বিশ্ব ব্যাংক প্রতিষ্ঠা হয়। এই চুক্তি আনুষ্ঠানিকভাবে কার্যক্রম হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে। বিশ্ব ব্যাংকের ৫টি অঙ্গসংস্থা হলোঃ IBRD, IDA, IFC, ICSID এবং MIGA.

68. How many goals were set in the UN Sustainable Development Goals- 2030 Agenda?

- a) 15
b) 16
c) 17
d) 18

ans. C

Solution: টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অফিসিয়াল নাম হলো Transforming our world, ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও লক্ষ্যমাত্রাগুলি পূরণের অঙ্গীকার নিয়ে জাতিসংঘভূক্ত, 193 টি দেশ The Sustainable Development Goals (SDGs) এর এই চুক্তিতে স্বাক্ষর করে। উল্লেখ্য SDGs এর বৈশ্বিক লক্ষ্য 17 টি এবং লক্ষ্যমাত্রা 169 টি।

69. Which country won the first ICC World Cup?

- a) India
b) West Indies
c) England
d) Australia

ans. B

Solution: বিশ্বকাপ ক্রিকেটে প্রথম চ্যাম্পিয়ন হয় ওয়েস্ট ইন্ডিজ। আসরটি অনুষ্ঠিত হয় ১৯৭৫ সালে।

70. What is the 100m world record of Usain bolt?

- a) 9.35 Sec
b) 9.58 Sec
c) 9.05 Sec
d) 10.12 Sec

ans. B

Solution: বোল্ট পৃথিবীর সর্বকালের দ্রুততম মানব হিসেবে পরিচিত। তিনি ১০০ মিটার দৌড় ৯.৫৮ সেকেন্ডে এবং ২০০ মিটার দৌড় ১৯.১৯ সেকেন্ডে শেষ করেন। বোল্ট নিজের করা বিশ্বরেকর্ড ২০১০ সালে ভেঙ্গে ফেলেন। তিনি ২০১২ সালের লন্ডন অলিম্পিক গেমসে অংশগ্রহণ করেছেন। ২০১৬ সালের রিও অলিম্পিকে ৯ টি সোনা জয় করেন।

71. The Olympic Games in 2012 took place in -

- a) Los Angeles
b) Sydney
c) London
d) Beijing

ans. C

Solution: অলিম্পিকের ৩০তম আসর অনুষ্ঠিত হয় ২০১২ সালে লন্ডন, যুক্তরাজ্যে। উল্লেখ্য, ২০২২ সালে ২৪তম শীতকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে চীনের রাজধানী বেইজিং-এ। ২০২৪ সালে ৩৩তম গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে ফ্রান্সের রাজধানী প্যারিসে এবং ২০২৮ সালে ৩৪তম গ্রীষ্মকালীন অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে।

72. Who became the first Bangladeshi to win the professional golf tournament, Asian Tour?

- a) Habibur rahman
b) Toufiqur rahman
c) Siddiquir rahman
d) Ibrahim Musha

ans. C

